

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



পেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ২০, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৮ বৈশাখ ১৪২৭/১১ মে ২০২০

নম্বর: ০৮.০০.০০০০.৮২১.৬২.০২২.১৯.১১৮—জাতীয় অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী গত
২৮ এপ্রিল ২০২০ তারিখে ইন্টেকাল করেন (ইন্সালিনাহি ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল
৭৭ বছর।

২। জাতীয় অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরীর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁর
বিদেহী আমার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা
জানিয়ে মন্ত্রিসভার ২৪ বৈশাখ ১৪২৭/০৭ মে ২০২০ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা
হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব

(৩৮৫১)
মূল্য : টাকা ৮.০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাৱ

ঢাকা: ২৪ বৈশাখ ১৪২৭
০৭ মে ২০২০

জাতীয় অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী গত ২৮ এপ্রিল ২০২০ তারিখে ইতেকাল করেন (ইনালিঙ্গাহি ... রাজিউন)। মৃত্যুকালে তাঁৰ বয়স হয়েছিল ৭৭ বছৰ।

জনাব জামিলুর রেজা চৌধুরী ১৯৪৩ সালে সিলেট জেলায় জন্মগ্রহণ করেন।

জনাব জামিলুর রেজা চৌধুরী সেন্ট প্রেগরিজ স্কুল হতে মাধ্যমিক এবং ঢাকা কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পৰি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে কৃতিত্বের সঙ্গে সম্মানসহ স্নাতক ডিগ্রি অর্জন করেন। অতঃপর তিনি যুক্তরাজ্যের সাউদাম্পটন বিশ্ববিদ্যালয় থেকে অ্যাডভান্সড স্ট্রাকচার্যাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতকোত্তর হন। যুক্তরাজ্যের স্বনামধন্য ম্যানচেষ্টার বিশ্ববিদ্যালয় প্রাঙ্গ এই প্রকৌশলীকে ২০১০ সালে সম্মানসূচক ডক্টর অব ইঞ্জিনিয়ারিং ডিগ্রি প্রদান করে।

বর্ণাত্য কর্মময় জীবনের অধিকারী ড. জামিলুর রেজা চৌধুরী বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর প্রভাষক হিসাবে কর্মজীবন শুরু করেন এবং পদোন্নতির ধারায় ১৯৭৬ সালে অধ্যাপক হন। বুয়েটে অধ্যাপনাকালে বিভিন্ন সময়ে তিনি সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান এবং ফ্যাকাল্টির তিনি হিসাবে দায়িত্ব পালন করেন। তিনি ২০০১ সালে বুয়েট থেকে অবসরে যান। পরে তিনি ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য নিযুক্ত হন এবং সুদীর্ঘ প্রায় এক দশক — ২০১০ সাল পর্যন্ত অত্যন্ত সফলভাবে উক্ত দায়িত্ব পালন করেন। অতঃপর তিনি ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের উপাচার্য নিযুক্ত হন এবং মৃত্যুর পূর্ব পর্যন্ত উক্ত পদে কর্মরত ছিলেন।

ড. জামিলুর রেজা চৌধুরী একাধারে গবেষক, শিক্ষাবিদ, প্রকৌশলী ও বিজ্ঞানী ছিলেন। বহুতল ভবন নির্মাণ, স্বল্প খরচে আবাসন, ভূমিকম্প সহনীয় ভবন-নকশা, ঘূর্ণিঝড় ও জলোচ্ছাস থেকে ইমারত রক্ষা, তথ্যপ্রযুক্তি এবং প্রকৌশল নীতিসহ বিভিন্ন বিষয়ে তাঁৰ লিখিত প্রায় ৭০টি নিবন্ধ ও গবেষণা-প্রবন্ধ আন্তর্জাতিক জার্নালে প্রকাশিত হয়। দেশের বিজ্ঞান ও প্রযুক্তি খাতে অবদানের জন্য ২০১৭ সালে তাঁকে ‘একুশে পদক’ প্রদান করা হয়। তিনি ২০১৮ সালে জাতীয় অধ্যাপক সম্মাননায় ভূষিত হন। এ ছাড়া, বিভিন্ন সময়ে কাজের স্থিরত্বস্বরূপ তিনি দেশে-বিদেশে অসংখ্য পুরস্কার ও সম্মাননা অর্জন করেন।

অসংখ্য জাতীয় ও আন্তর্জাতিক সংস্থার মেগা-প্রকল্পসমূহে বিশেষজ্ঞ পরামর্শক হিসাবে ড. জামিলুর রেজা চৌধুরীর অবস্থান ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ। দেশের অবকাঠামো নির্মাণে ড. জামিলুর রেজা চৌধুরীর অবদান অপরিসীম। স্বাধীনতার পৰে দেশের সকল বৃহৎ ভৌত অবকাঠামো নির্মাণে তাঁৰ সম্পৃক্ততা ছিল সর্বব্যপ্ত। তিনি দেশের প্রথম মেগা-প্রকল্প ‘বঙ্গবন্ধু সেতু’ নির্মাণে ৫ সদস্যের আন্তর্জাতিক বিশেষজ্ঞ প্যানেলের চেয়ারম্যান ছিলেন। চলমান ‘পদ্মা সেতু’ নির্মাণ প্রকল্পের আন্তর্জাতিক পরামর্শক প্যানেলেও নেতৃত্ব দিয়ে আসছিলেন ড. জামিলুর রেজা চৌধুরী। ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে, কর্ণফুলী টানেলসহ দেশের বেশ কয়েকটি বাস্তবায়নাধীন মেগা-প্রকল্পের বিশেষজ্ঞ প্যানেলের নেতৃত্বে ছিলেন প্রথিতযশা এই প্রকৌশলী।

দেশের সামগ্রিক ভৌত-কাঠামোগত উন্নয়নে ড. জামিলুর রেজা চৌধুরীর গুরুত্বপূর্ণ অবদান জাতির নিকট চিরস্মরণীয় হয়ে থাকবে।

একজন বিশেষজ্ঞ প্রকৌশলীর পাশাপাশি তথ্যপ্রযুক্তি-পরামর্শক হিসাবেও জাতীয় উন্নয়নে ড. জামিলুর রেজা চৌধুরীর অবদান উল্লেখযোগ্য। তিনি ১৯৯৭ থেকে ২০০০ সাল পর্যন্ত বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন সফটওয়্যার রপ্তানি এবং আইটি অবকাঠামো বিনির্মাণ-বিষয়ক টাঙ্কফোর্সের চেয়ারম্যান হিসাবে অত্যন্ত নিষ্ঠার সঙ্গে কর্মসম্পাদন করেন। এ ছাড়া প্রধানমন্ত্রীর আইটি টাঙ্কফোর্সের অন্যতম সদস্য হিসাবে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণেও তাঁর ভূমিকা ছিল গুরুত্বহীন।

ড. জামিলুর রেজা চৌধুরী ১৯৯৬ সালে তদনীন্তন তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা হিসাবে দক্ষতার সঙ্গে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ এবং পানিসম্পদ মন্ত্রণালয়ের দায়িত্ব পালন করেন।

ব্যক্তিজীবনে ড. জামিলুর রেজা চৌধুরী ছিলেন অত্যন্ত বিনয়ী, সদা হাস্যোজ্জ্বল এবং উত্তীর্ণ উভাবনশীল। সহকর্মীদের প্রতি তাঁর সহমর্মিতা ছিল অপরিসীম। বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে তাঁর উৎসাহব্যঞ্জক সংশ্লিষ্টতা ছিল প্রশংসনীয়।

অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরীর মৃত্যুতে দেশ একজন বরেণ্য শিক্ষাবিদ, বিজ্ঞানী ও প্রথিতযশা প্রকৌশলীকে হারাল। তাঁর মৃত্যুতে দেশের পুরুকৌশল শিল্প ও শিক্ষাঙ্গনে সৃষ্টি হল এক অপূরণীয় শূন্যতার।

মন্ত্রিসভা জাতীয় অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরীর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd